



**ডঃ আগা মেহেদীর  
ইত্তেফাক**

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)  
 আন্তর্জাতিক ঐতিহাসিক ডঃ আগা মেহেদী হাসান গতকাল (শনিবার) প্রত্যুষে পিজি হাসপাতালে ইত্তেফাক কর্নিয়ারে (ইমালিগাহে... রাজেউন)। যত্নকালে তাঁহার বয়স হইয়াছিল ৮০ বছর। তিনি বহুমাত্র সহ বার্ষিকজনিত রোগে ভুগিতেছিলেন।  
 ডঃ মেহেদী ৭১ সনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুরোধে পাকিস্তান হইতে আসিয়া এই বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে 'সুপারনিউমেরারী প্রফেসর' হিসাবে যোগদান করেন। ইহার পর হইতে ৭৫ সন পর্যন্ত উল্লিখিত বিভাগে তিনি অধ্যাপনা করেন। পরবর্তী বছরে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের রিসার্চ ফেলোশীপ নিয়া 'ইবনে বতুতার' উপর তাঁহার গবেষণা অব্যাহত রাখেন। এই সময় পর্যন্ত তিনি তাঁহার জন্ম বরাদ্দকৃত বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একটি বাসায় অবস্থান করেন। পরবর্তীতে এই বাসার বরাদ্দ কতৃপক্ষ বাতিল করিলে তিনি দুর্বসেন হলের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের একটি কক্ষে থাকিয়া তাঁহার গবেষণা চালাইয়া যান। ইহার পর হইতে বর্তমান সময় পর্যন্ত তিনি নিঃসঙ্গ অবস্থায় ছিলেন। গত ১৭ই নবেম্বর পাকিস্তান যাওয়ার প্রস্তুতি গ্রহণের শেষপর্বে এক সড়ক দুর্ঘটনায় আহত হইলে পরে তাঁহাকে হাসপাতালে ভর্তি করা হয়। ইহার পর হইতে বলিতে গেলে তিনি হাসপাতালেই ছিলেন।  
 ডঃ মেহেদী ১৮৯৮ সনের ৮ই ডিসেম্বর দিনীতে জন্মগ্রহণ করেন। তিনি পাঞ্জাব বিশ্ববিদ্যালয় হইতে ১৯১৮ ও ১৯ সনে ইতিহাসে যথাক্রমে অনাস ও এম.এ ডিগ্রী লাভ করেন। ১৯৩৫ সনে লণ্ডন বিশ্ববিদ্যালয় হইতে পি. এইচ. ডি. এর পরের বছর প্যারিস বিশ্ববিদ্যালয় হইতে ডি. লিট লাভ করেন। তাঁহার মূল্যবান দৃষ্টান্ত পুস্তকসমূহ হইতেছে : মুহাম্মদ বিন তুঘলকের উত্থান ও পতন, গভর্ণমেন্ট ডি সুলতানা ডেইলী, দি রেহলা ইবনে বতুতা, বাহাদুর শাহ এও দি ওয়ার অব ১৮৭৫, দ্বিতীয় বাহাদুর শাহ, হুমলক ডায়েনেট্ট এবং ফুতুকাস সালাতিন।  
 গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয় মসজিদে অনুষ্ঠিত নামাজে জানাজার পর মরহমের লাশ তেজগাঁও এ জন্ম এম, এম, ইস্পাহানির ব্যক্তিগত গোরস্থানে দাফন করা হয়। জানাজার নামাজে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক ছাড়াও চ্যান্সেলর অংশগ্রহণ করেন।